গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
ক্রীড়া-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

# আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী

বিষয় ঃ শেখ কামাল আন্তর্জাতিক ক্লাব কাপ ফুটবল ২০১৭ এ অংশগ্রহণকারী বিদেশী দলগুলোর বাংলাদেশ সফর উপলক্ষ্যে চট্টগ্রাম এম এ আজিজ স্টেডিয়ামে অনুষ্ঠিতব্য ম্যাচসমূহ সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনার জন্য আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

ফিফ ও এএফসি এর অনুমোদনক্রমে এবং চট্টগ্রাম আবাহনী লিঃ ও বাংলাদেশ ফুটবল ফেডারেশনের সার্বিক সহযোগিতায় ও ব্যবস্থাপনায় জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র এবং কৃতি ক্রীড়া সংগঠক শহীদ শেখ কামালের স্মৃতির প্রতি শ্রদ্ধা প্রদর্শনের নিদর্শন স্বরূপ 'শেখ কামাল আন্তর্জাতিক ক্লাব কাপ ২০১৭' এর খেলা আগামী ১৮ ফেব্রুয়ারি হতে ০২ মার্চ ২০১৭ তারিখ পর্যন্ত ২য় বারের মত চট্টগ্রাম এম, এ আজিজ স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে। উক্ত টুর্নামেন্টে দক্ষিণ কোরিয়া, কাজাকিস্থান, আফগানিস্তান, নেপাল ও মালদ্বীপের জনপ্রিয় ক্লাব ফুটবল দল এবং স্বাগতিক বাংলাদেশের ঢাকা আবাহনী লিঃ, ঢাকা মোহামেডান স্পোটিং ক্লাব ও চট্টগ্রাম আবাহনী লিঃসহ মোট ০৮টি ফুটবল দল অংশগ্রহণ করবে। বাংলাদেশের দলের সাথে বিদেশীদলের অংশগ্রহণে ফুটবল খেলা সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার নিমিত্ত যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব, জনাব মোঃ মোশাররফ হোসেন এর সভাপতিত্বে ১৩-০২-২০১৭ তারিখ বেলা ০২ঃ০০ ঘটিকায় যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সভাকক্ষে একটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা সংলগ্নী "ক"-তে দেয়া হলো।

সভাপতি ঃ জনাব মোঃ মোশাররফ হোসেন, অতিরিক্ত সচিব।
স্থান ঃ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং ৫০২, ভবন নং-৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।
তারিখ ঃ ১৩-০২-২০১৭
সময় ঃ বেলা ০২ঃ০০ ঘটিকা

২। সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। উপস্থিত প্রতিনিধিদের সাথে পরিচয় পর্ব শেষে সভাপতি উপ সচিব (ক্রীড়া-২)-কে কার্যপত্র উপস্থাপন করতে বলেন। উপ সচিব (ক্রীড়া-২)বলেন যে, 'শেখ কামাল আন্তর্জাতিক ক্লাব কাপ -২০১৭' খেলাসমূহ বাংলাদেশ ফুটবল ফেডারেশনের তত্ত্বাবধানে চট্টগ্রাম এম, এ আজিজ ষ্টেডিয়ামে সফলভাবে আয়োজনের লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের সহযোগীতার উদ্দেশ্যে কার্যপত্র অনুযায়ী বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের দায়িত্বসমূহ উপস্থাপন করেন এবং সে অনুযায়ী আলোচনা হয়। বিস্তারিত আলোচনা এবং মতামতের প্রেক্ষিতে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ

| ক্র.নং | | মন্ত্রণালয়/ বিভাগ/ প্রতিষ্ঠান/ সংস্থা | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ক. | স্বরাষ্ট্র মন্ত্রণালয় | | |
| | ১ | ১৮ ফেব্রুয়ারি হতে ০২ মার্চ ২০১৭ তারিখ পর্যন্ত ২য় বারের মত চট্টগ্রাম এম, এ আজিজ স্টেডিয়ামে দক্ষিণ কোরিয়া, ফিলিপাইন, কাজাকিস্থান, আফগানিস্তান, নেপাল ও মালদ্বীপের জনপ্রিয় ফুটবল দলসমূহের খেলোয়াড় ও কর্মকর্তাদের বিমান বন্দর থেকে হোটেলে আসা-যাওয়া, ঢাকা ও চট্টগ্রামে অবস্থানকালীন সময়ে (হোটেল, পরিবহন, বিমান বন্দর, খেলার মাঠ, ভ্রমন ও অনুশীলন কেন্দ্র) সার্বিক নিরাপত্তা এবং খেলার মাঠে আইন-শৃঙ্খলা রক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা নিশ্চিত করবে। এছাড়া ফিফা ও এএফসি হতে আগত কর্মকর্তাদের ঢাকা ও চট্টগ্রামে অবস্থানকালীন সার্বিক নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করবে। | স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও বাংলাদেশ ফুটবল ফেডারেশন |
| | ২ | দূর্যোগপূর্ণ আবহাওয়ার কারণে খেলার মাঠে পানি জমে গেলে তা নিষ্কাষনের জন্য ফায়ার ব্রিগেডের গাড়ীর ব্যবস্থা নিশ্চিত করবে। | |
| | ৩ | হযরত শাহজালাল (রাঃ) আন্তর্জাতিক বিমান বন্দর এবং চট্রগ্রাম শাহ আমানত বিমান বন্দরে নিরাপত্তা নিশ্চিত করবে। | |

BFF-2016

| | | | |
|---|---|---|---|
| | ৪ | টুর্নামেন্টের খেলা চলাকালীন সময়ে এম, এ আজিজ ষ্টেডিয়াম এর প্রবেশমুখে দুই পার্শ্বের ১০০ গজ পরিসরে সকল প্রকার যানবাহন, ফুটপাতের দোকান ও বাসষ্ট্যান্ড অপসারণের ব্যবস্থা নিশ্চিত করা এবং সকাল ৭টা থেকে রাত ১০টা পর্যন্ত খেলার সংশ্লিষ্ট বাস ও ফেডারেশনের কর্মকর্তাদের গাড়ী ছাড়া অন্য কারো গাড়ী প্রবেশ নিষেধের ব্যাপারটি নিশ্চিত করবে। | স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও বাংলাদেশ ফুটবল ফেডারেশন |
| | ৫ | খেলা চলাকালীন মাঠে পর্যাপ্ত আইন-শৃঙ্খলা রক্ষার নিমিত্তে যথাযথ ব্যবস্থা নিশ্চিত করবে। | |
| | ৬ | প্রয়োজনে হযরত শাহজালাল (রা:) আন্তর্জাতিক বিমানবন্দর ও চট্টগ্রাম শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরে বিদেশী খেলোয়াড়, কর্মকর্তা, বিদেশী ম্যাচ অফিসিয়ালদের বাংলাদেশ ফুটবল ফেডারেশনের প্রত্যয়ন সাপেক্ষে On Arival Visa প্রাপ্তির ব্যবস্থা নিশ্চিত করা। বাংলাদেশ ফুটবল ফেডারেশন বিদেশী টিমের খেলোয়াড়/ কর্মকর্তাদের একটি তালিকা জরুরী ভিত্তিতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করবে। এ বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে একজন ফোকাল পয়েন্ট থাকবেন। | |
| | ৭ | চট্টগ্রামে হোটেলসমূহ (হোটেল পেনিন সুলা, হোটেল আগ্রাবাদ, হোটেল অর্কিড, হোটেল এ্যাভিনিউ, হোটেল রেডিসন ও বাংলাদেশ পর্যটন কর্পোরেশনের মোটেল সৈকত) এম এ আজিজ স্টেডিয়াম এবং অনুশীলন মাঠসমূহে প্রয়োজনীয় নিরাপত্তার ব্যবস্থা গ্রহণ করা। | |
| খ | | **পররাষ্ট্র মন্ত্রণালয়ঃ** | |
| | ১ | বিদেশী খেলোয়াড়, কর্মকর্তা, বিদেশী ম্যাচ অফিসিয়ালদের ভিসা প্রদানের জন্য বাংলাদেশ ফুটবল ফেডারেশনের লিখিত অনুরোধের প্রেক্ষিতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। বাংলাদেশ ফুটবল ফেডারেশন বিদেশী খেলোয়াড়দের প্রয়োজনীয় তথ্যাদিসহ তালিকা পররাষ্ট্র মন্ত্রণালয় প্রেরণ করবে। | পররাষ্ট্র মন্ত্রণালয় ও বাংলাদেশ ফুটবল ফেডারেশন |
| গ | | **স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়:** | |
| | ১ | খেলার মাঠে পানি সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে চট্টগ্রাম ওয়াসা/চট্টগ্রাম সিটি কর্পোরেশন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে এবং বাংলাদেশ ফুটবল ফেডারেশন যোগাযোগ রক্ষা করবে। | স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, জেলা প্রশাসক, চট্টগ্রাম, চট্টগ্রাম সিটি কর্পোরেশন ও বাংলাদেশ ফুটবল ফেডারেশন |
| | ২ | স্টেডিয়ামের চতুর্দিকের এলাকাসমূহ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা গ্রহণ করবে। | |
| | ৩ | প্রতিযোগিতার প্রচার ও প্রচারনার লক্ষ্যে চট্টগ্রাম এর বিভিন্ন স্থানে বিলবোর্ড ও ফুটওভার ব্রীজ সমূহে ব্র্যান্ডিং এর ব্যবস্থা করবে। | |
| ঘ | | **তথ্য মন্ত্রণালয়** | |
| | ১ | মাননীয় প্রধানমন্ত্রী অনুষ্ঠানের উদ্বোধনী অথবা সমাপনীতে সম্ভব্য উপস্থিত থাকতে পারেন বিধায় বাংলাদেশ টেলিভিশন এবং বাংলাদেশ বেতারের মাধ্যমে টুর্ণামেন্টের ব্যাপক সম্প্রচারের ব্যবস্থা গ্রহণ করা। | তথ্য মন্ত্রণালয়, তথ্য অধিদপ্তর, বিটিভি/বাংলাদেশ বেতার ও বাংলাদেশ ফুটবল ফেডারেশন |
| | ২ | খেলা চলাকালীন খেলার বিষয়ে নিয়মিত দৈনিক ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সম্প্রচার করার সহযোগিতা নিশ্চিত করবে। | |
| | ৩ | মাছরাঙ্গা টেলিভিশনের মাধ্যমে উক্ত আন্তর্জাতিক ম্যাচটি সরাসরি সম্প্রচারের ব্যবস্থা নিশ্চিত করবে। | |
| | ৪ | দেশের জাতীয় দৈনিক/সাপ্তাহিক পত্রিকার মাধ্যমে খেলার সংবাদ/চিত্র বিনামূল্যে প্রচারের ব্যবস্থা গ্রহণের পরামর্শ প্রদান । | |

| | | | |
|---|---|---|---|
| ঙ | | **বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ঃ** | |
| | ১ | সংশ্লিষ্ট খেলা শুরুর ০২ দিন পূর্ব থেকে চট্টগ্রাম এম, এ আজিজ স্টেডিয়ামে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করবে এবং প্রয়োজনে ডবল সার্কিট এর ব্যবস্থা করা। | বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এবং বাংলাদেশ ফুটবল ফেডারেশন |
| | ২ | চট্টগ্রাম এম, এ আজিজ স্টেডিয়ামে টুর্নামেন্টের ফিক্‌শ্চার অনুযায়ী খেলা শুরুর ৩ ঘন্টা পূর্ব হতে খেলা চলাকালীন সময়ে এবং ২ ঘন্টা পর পর্যন্ত সার্বক্ষনিক ভাবে বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করবে। | |
| | ৩ | প্রয়োজনে বাংলাদেশ ফুটবল ফেডারেশন এর চাহিদা অনুযায়ী খেলার মাঠে স্ট্যান্ডবাই জেনারেটর সরবরাহ করা এবং এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যয় বাংলাদেশ ফুটবল ফেডারেশন ও জাতীয় ক্রীড়া পরিষদ আলোচনা করে নির্ধারণ করবে এবং জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক ডেসকো এবং ডিপিডিসি সাথে যোগাযোগ করতঃ পরিশোধ করবে। | |
| চ | | **বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়:** | |
| | ১ | দেশী বিদেশী খেলোয়াড়, কর্মকর্তা, বিদেশী ম্যাচ অফিসিয়াল আমন্ত্রিত অতিথিগণ যারা খেলা উপলক্ষ্যে ঢাকা ও চট্টগ্রাম বিমানবন্দরে আসবেন তাদের বিমান বন্দরে অভ্যর্থনার ব্যবস্থা করা এবং প্রযোজ্য ক্ষেত্রে ভি.আই.পি লাউঞ্জে ব্যবহারের অনুমতি/ ব্যবস্থা করবে। | বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়/ সিভিল এভিয়েশন অর্থরিটি ও বাংলাদেশ ফুটবল ফেডারেশন |
| | ২ | হযরত শাহজালাল (রাঃ) আন্তর্জাতিক বিমান বন্দর এবং চট্টগ্রাম শাহ আমানত বিমান বন্দরে নিরাপত্তা নিশ্চিত করবে। | |
| | ৩ | হযরত শাহজালাল (রাঃ) আন্তর্জাতিক বিমান বন্দরে এবং চট্টগ্রাম বিমান বন্দরে প্রয়োজনীয় সংখ্যক প্রটোকল পাস ও বোর্ডিং পাস ইস্যু করবে। | |
| | ৪ | টুর্ণামেন্টে অংশগ্রহনকারী দলসমূহ ও ম্যাচ অফিসিয়ালগণের জন্য আন্তর্জাতিক ও আভ্যন্তরীন যাতায়াতের লক্ষ্যে বিধি মোতাবেক বিমানে বিশেষ ডিসকাউন্ট এর ব্যবস্থা করা এবং আবাসনের জন্য সিজেকেএস কর্তৃক মনোনীত হোটেলসমূহে বিধি মোতাবেক বিশেষ ডিসকাউন্টের ব্যবস্থা করা। | |
| ছ | | **স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়:** | |
| | ১ | টুর্নামেন্ট চলাকালীন খেলার দিন খেলা শুরুর কমপক্ষে ২ ঘন্টা পূর্ব হতে খেলা শেষ হওয়ার ১ ঘন্টা পর পর্যন্ত ২টি এ্যাম্বুলেন্স, ২টি স্ট্রেচার এবং ৪ জন সেবাদানকারী সদস্য উপস্থিত থাকার ব্যবস্থা করবে। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য অধিদপ্তর ও বাংলাদেশ ফুটবল ফেডারেশন |
| | ২ | জরুরী চিকিৎসাকল্পে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে প্রতিযোগিতাসমূহ চলাকালীন ০১ টি করে কেবিন সংরক্ষিত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা নিশ্চিত করবে। | |
| | ৩ | মাঠ/ষ্টেডিয়াম ও অস্থায়ী মেডিকেল সেন্টার স্থাপনসহ প্রয়োজনীয় ডাক্তার নিয়োগ ব্যবস্থা নিশ্চিত করা এবং খেলা চলাকালীন আঘাতজনিত জরুরী ঔষধ সমূহ সরবরাহ সহযোগিতা (তালিকা জমা দেয়া হবে) করবে। | |
| | ৪ | স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক (হাসপাতাল) কর্তৃক সার্বক্ষনিক মেডিকেল টিম সমূহের তত্ত্বাবধান নিশ্চিত করবে । | |
| জ | | **আভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ডাক ও টেলি যোগাযোগ মন্ত্রণালয় এবং বানিজ্য মন্ত্রণালয়:** | |
| | ১ | **আভ্যন্তরীণ সম্পদ বিভাগঃ** অর্থ মন্ত্রণালয়ঃ টুর্নামেন্ট উপলক্ষ্যে বিদেশ হতে আগত ব্রডকাষ্টিং সংক্রান্ত বিভিন্ন ইকুইপমেন্ট আনা ও পুনরায় প্রেরন এবং বিভিন্ন ক্রীড়া সামগ্রী (বিক্রয় যোগ্য নয়) আমদানী করার লক্ষ্যে প্রয়োজনীয় অনুমতি এবং শুল্ক মওকুফ করবে। | আভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ডাক ও টেলি যোগাযোগ মন্ত্রণালয়, বানিজ্য মন্ত্রণালয়, এনবিআর এবং বাংলাদেশ ফুটবল ফেডারেশন |

| | | | |
|---|---|---|---|
| | ২ | ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ঃ টুর্নামেন্ট উপলক্ষ্যে বিদেশ হতে আগত ব্রডকাষ্টিং সংক্রান্ত বিভিন্ন ইকুইপমেন্ট আনা ও পুনরায় প্রেরন এবং বিভিন্ন ক্রীড়া সামগ্রী (বিক্রয় যোগ্য নয়) আমদানী করার লক্ষ্যে প্রয়োজনীয় অনুমতি এবং শুল্ক মওকুফ করবে। | আভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ডাক ও টেলি যোগাযোগ মন্ত্রণালয়, বানিজ্য মন্ত্রণালয়, এনবিআর এবং বাংলাদেশ ফুটবল ফেডারেশন |
| | ৩ | বানিজ্য মন্ত্রণালয়ঃ টুর্নামেন্ট উপলক্ষ্যে বিদেশ হতে আগত ব্রডকাষ্টিং সংক্রান্ত বিভিন্ন ইকুইপমেন্ট আনা ও পুনরায় প্রেরন এবং বিভিন্ন ক্রীড়া সামগ্রী (বিক্রয় যোগ্য নয়) আমদানী করার লক্ষ্যে প্রয়োজনীয় অনুমতি এবং শুল্ক মওকুফ করবে। | |
| | ৪ | ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগঃ (ক) বিদেশী দল এবং খেলোয়াড়দের প্রাইজমানি প্রদানের নিমিত্তে সরকারী অনুমোদনসহ বাংলাদেশ ব্যাংকের ছাড়পত্র প্রদানের বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করবে।<br>(খ) প্রয়োজনে বিদেশী দল এবং খোলোয়াড়দের প্রাইজমানির অর্থ বিদেশে প্রেরণের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের প্রয়োজনীয় ছাড়পত্র প্রদানের বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করবে। | |
| ঝ | | **জাতীয় ক্রীড়া পরিষদ ও বাংলাদেশ ফুটবল ফেডারেশন** | |
| | | জাতীয় ক্রীড়া পরিষদ ও বাংলাদেশ ফুটবল ফেডারেশন নিম্নবর্ণিত কার্যাদি সম্পাদন নিশ্চিত করবে: | জাতীয় ক্রীড়া পরিষদ ও বাংলাদেশ ফুটবল ফেডারেশন |
| | ১ | জাতীয় ক্রীড়া পরিষদ থেকে চট্টগ্রাম এম এ আজিজ স্টেডিয়ামের ড্রেসিং রুম সমূহ, রেফারীদের কক্ষসহ বাথরুমে কোন সমস্যা থাকলে তা মেরামত ও সংস্কার করা। মাঠ, গ্যালারী, সমূহের চেয়ার, স্কোর বোর্ড, জায়ান্ট স্কীন, ফ্লাড লাইট, প্রেস বক্স, ভিআইপি বক্স, ড্রেনেজ সিস্টেম, সকল গেইট, ড্রেসিং রুম, বাথরুমসমূহ ব্যবহার উপযোগী নিশ্চিত করা। | |
| | ২ | ফিফা আন্তর্জাতিক নিয়মানুযায়ী খেলার মাঠে ফ্লাড লাইটের আলো কমপক্ষে ১২০০ লাক্স হতে হবে। উক্ত প্রতিযোগিতা উপলক্ষ্যে চট্টগ্রাম এম এ আজিজ স্টেডিয়ামের লাইটের আলো ১২০০ লক্সে উন্নীত করার লক্ষ্যে বিশেষ উদ্যোগ ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা। | |
| | ৩ | মাঠ/ ষ্টেডিয়ামের সুযোগ-সুবিধা এবং মাঠের আপ গ্রেডেশনের সার্বিক ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করবে। | |
| | ৪ | প্রয়োজনে মাঠ/ষ্টেডিয়াম এলাকায় যাতে লোড শেডিং না হয় তা সমন্বয় করা এবং খেলার সুষ্ঠু পরিচালনার স্বার্থে জাতীয় ক্রীড়া পরিষদ প্রয়োজনীয় সংখ্যক টেকনিক্যাল ষ্টাফদের দায়িত্ব বহাল রাখা। প্রয়োজনে ডবল সার্কিট এর ব্যবস্থা করবে। | |
| | ৫ | আগামী ১৮ ফেব্রুয়ারি হতে ০২ মার্চ ২০১৭ তারিখ পর্যন্ত খেলার সিডিউল অনুযায়ী খেলার দিনসমূহে এম এ আজিজ স্টেডিয়াম এলাকায় সব ধরনের দোকানপাট বন্ধ রাখা। এছাড়া কোন দ্রার্জ বস্তু/গ্যাস সিলিন্ডারের চুলা থাকলে তা অপসারণ/বন্ধের নির্দেশ প্রদান করা। | |
| | ৬ | প্রয়োজনে মাঠ/ষ্টেডিয়ামের প্রয়োজনীয় সকল সংস্কার, মেরামত কার্যাদি সম্পাদন করবে। | |

০৩। বিস্তারিত আলোচনান্তে ১৮ ফেব্রুয়ারি হতে ০২ মার্চ ২০১৭ তারিখ পর্যন্ত ২য় বারের মত চট্টগ্রাম এম, এ আজিজ স্টেডিয়ামে 'শেখ কামাল আন্তর্জাতিক ক্লাব কাপ ২০১৭' এর খেলা সফলভাবে অনুষ্ঠানের জন্য সভায় গৃহীত উপর্যুক্ত সিদ্ধান্ত সমূহ যথাযথ ও সুষ্ঠুভাবে বাস্তবায়নের বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/প্রতিষ্ঠানের উপস্থিত প্রতিনিধিগণ দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।

০৪। অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় ১৮ ফেব্রুয়ারি হতে ০২ মার্চ ২০১৭ তারিখ পর্যন্ত ২য় বারের মত চট্টগ্রাম এম, এ আজিজ স্টেডিয়ামে 'শেখ কামাল আন্তর্জাতিক ক্লাব কাপ ২০১৭' এর খেলাসমূহ সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার জন্য আশা ব্যক্ত করে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(১৪-০২-২০১৭)
মোঃ মোশাররফ হোসেন
অতিরিক্ত সচিব (দায়িত্বপ্রাপ্ত সচিব)
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-৩৪.০০.০০০০.০৭১.০৩১.০০১.২০১৭-৭৩ তারিখঃ ১৪-০২-২০১৭ খ্রিঃ

বিতরণ ঃ কার্যার্থে-(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

০১। সিনিয়র সচিব, বানিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
০২। সিনিয়র সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
০৩। সচিব, জন নিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। মহাপুলিশ পরিদর্শক, মহাপুলিশ পরিদর্শকের কার্যালয়, পুলিশ ভবন, ঢাকা।
০৫। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা ।
০৬। সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
০৭। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
০৮। সিনিয়র সচিব, অভ্যন্তরীন সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয় ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা ।
০৯। সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ,জালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
১০। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা ।
১১। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।
১২। পুলিশ কমিশনার, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম।
১৩। চেয়ারম্যান, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, মতিঝিল, ঢাকা।
১৪। চেয়ারম্যান, বিটিআরসি, রমনা, ঢাকা।
১৫। যুগ্ম-সচিব (ক্রীড়া), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১৬। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
১৭। মহাপরিচালক, বাংলাদেশ বেতার, শাহবাগ, ঢাকা।
১৮। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
১৯। জেলা প্রশাসক, চট্টগ্রাম।
২০। পুলিশ সুপার, চট্টগ্রাম।
২১। উপ-সচিব (ক্রীড়া), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
২২। প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম।
২৩। সাধারণ সম্পাদক, বাংলাদেশ ফুটবল ফেডারেশন, ঢাকা।

(সিরাজুছ ছালেকীন)
সহকারী সচিব
ফোন নং-৯৫৭৫৫১০

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে ঃ-

১। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
২। মাননীয় উপ-মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৪। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের জনসংযোগ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৫। সহকারী প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)